গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নথি নং-১(২৮)এনবিআর/শুল্ক-৪/৯৪/৫২১ তারিখ ২৫.৫.১৯৯৫

প্রেরক: ফৌজিয়া বেগম
দ্বিতীয় সচিব (শুল্ক)।

প্রাপক: ১। কালেক্টর
কাস্টম হাউস
ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল।

২। কালেক্টর
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কালেক্টরেট
ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/যশোর।

৩। মহাপরিচালক
শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর (ডেডো)
১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা।

বিষয়: **১০০% রপ্তানিমুখী চামড়া ও চামড়াজাত সামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের অনুকূলে সুপারভাইজড বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স প্রদান সম্পর্কে**।

যথাযথ কর্তৃপক্ষের আদেশক্রমে উপর্যুক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত পত্র নং-১(২৮)এনবিআর/শুল্ক-৪/৯৪/৪১৫ ও ৪০০, তারিখ ১২.৪.১৯৯৫ এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করে এতদবিষয়ে নিম্নবর্ণিত দিক নির্দেশনা প্রদান করা হলো। ইতিপূর্বে বোর্ড কর্তৃক জারীকৃত কোন আদেশ বা সিদ্ধান্তে এই নির্দেশনার সাথে অসংগতিপূর্ণ হলে তা বাতিল বলে গণ্য হবে।

০২। ১০০% রপ্তানিমুখী চামড়া ও চামড়াজাত দ্রব্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের অনুকূলে কালেক্টরগণ উপযুক্ত ক্ষেত্রে ও যথাযথ শর্তাদি পালন সাপেক্ষে বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রদান করতে পারবেন। এই সন বন্ডে উৎপাদন কার্যক্রম পরিচালনার জন্য শুল্ক আইন, ১৯৬৯ এর ৯৫ ধারার বিধান অনুযায়ী কালেক্টর মহোদয় অনুমতি প্রদান করবেন।

০৩। লাইসেন্স প্রদানের পূর্বে সমগ্র এলাকা পরিদর্শন করে এবং প্রয়োজন বোধে কারখানা এলাকা লাইসেন্সের অধীনে নিয়ন্ত্রণের উপযোগী করানোর পর লাইসেন্স প্রদান করতে হবে। সমগ্র কারখানাটি উচ্চ প্রাচী দ্বারা বেষ্টিত থাকতে হবে ও কারখানাতে মালামাল ও লোকন প্রবেশ এবং নির্গমণের জন্য সীমিত সংখ্যক (২/৩টি) গেট থাকবে এবং উহাতে কাস্টমস এর সিপাই প্রহরারত থাকবে। সমগ্র এলাকা বন্ডেড এই কারখানাসমূহে দেশীয় বাজার থেকে সংগৃহীত/ক্রয়কৃত

কাঁচা, আধা পাকা এবং পাকা চামড়া রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধ করে প্রবেশ করানো যাবে। আবার প্রচলিত নিয়মে আন্ত:বন্ডে স্থানান্তর করা যাবে।

০৪। বন্ড লাইসেন্স প্রদান করার পূর্বে উক্ত কারখানায় আমদানিকৃত এবং শুল্ক পরিশোধকৃত যে সকল কাঁচামাল আছে তার পরিমাণ, মূল্য, প্রদত্ত শুল্ক, উহার দ্বারা কি পণ্য কি পরিমাণে প্রস্তুত হবে এবং উৎপাদন-উপকরণ সহগ, একটি কমিটির মাধ্যমে নির্ণয় করতে হবে তা এই কমিটিতে ডেডো অফিস এর উপর্যুক্ত পদমর্যাদা সম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা এবং লাইসেন্স প্রদানকারী কালেক্টরেটের কর্মকর্তা অন্তর্ভুক্ত থাকবেন। কর্মকর্তাগণের মনোনয়ন দান করবেন যথাক্রমে মহাপরিচালক, ডেডো এবং সংশ্লিষ্ট কালেক্টর।

০৫। উক্ত কমিটি আমদানিকৃত কাঁচামারের উপর পরিশোধিত শুল্ক, করাদির পরিমাণ নির্ণয় করবেন। প্রয়োজনীয় রপ্তানি শেষে উক্ত পমিাণ শুল্ক কর ডেডো অফিস থেকে রপ্তানিকারক/বন্ডারকে প্রত্যর্পণ করা হবে। নির্ণিত সমগ্র শুল্ক কর, প্রত্যর্পণ করার পর এই শিল্প প্রতিষ্ঠানটি ডেডো থেকে আর কোন প্রত্যর্পণ পাবে না।

০৬। রপ্তানিমুখী চামড়া ও চামড়াজাত শিল্ে ব্যবহার্য কাঁচা, আধা পাকা ও পাকা চামড়া ডাইজ ও পিগমেন্টস, বিভিন্ন প্রকার রাসায়নিক দ্রব্য, কমপোনেন্টস ইত্যাদি সুপারভাইজড পদ্ধতির বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রাপ্ত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বন্ড সুবিধার আওতায় আমদানি করা যাবে ও বন্ডে সংরক্ষণ করা যাবে।

০৭। প্রদত্ত বন্ড থেকে উৎপাদিত পণ্য প্রচলিত নিয়মে সরাসরি রপ্তানি করা যাবে। আবার কালেক্টর কর্তৃক অনুমোদন সাপেক্ষে নির্ধারিত পরিমাণে উৎপাদিত পণ্য স্থানীয় বাজারে বিক্রয়ের জন্য এক্স-বন্ড এর মাধ্যমে শুল্ক-করাদি প্রদান করে বন্ডেড ওয়্যার হাউস থেকে খালাস করা যাবে।

০৮। দেশীয় বাজারে বিক্রয়ের জন্য এক্স-বন্ডকৃত উৎপাদিত সামগ্রী শুল্কায়নের ক্ষেত্রে ঐ সামগ্রী যে শ্রেণীভুক্ত হয় (অর্থাৎ জুতা, জ্যাকে, পাকা চামড়া, ওয়েট ব্লু-লেদার) সেই শ্রেণীভুক্ত অবস্থায় এক্স বন্ড হয়েছে বলে পলিগণিত হবে এবং সে অনুযায়ী উহার মূল্য এবং শুল্ক-কর নির্ধারণ ও আদায় করতে হবে।

০৯। দেশীয় বাজারে বিক্রয়তব্য সামগ্রীর শুল্কায়নযোগ্য মূর্য নির্ণয়ে যথাসময়ে জাতীয় রাজস্ব বোর্ড নীতিগত নির্দেশ প্রদান করবে।

১০। প্রক্রিয়াজাতকরণে বর্জ্য (Wastage) এর নিস্পত্তিতে শুল্ক আইন, ১৯৬৯ এর ৯৫ ধারার বিধান কার্যকর হবে।

১১। বন্ড লাইসেন্স এর জন্য আবেদনের সময় লাইসেন্স প্রার্থী এই মর্মে একটি অংগীকার পত্র দাখিল করবেন যে, বন্ড লাইসেন্স পাওয়ার পর বন্ডার কর্তৃক আমদানিকৃত এবং বন্ডেড ওয়্যার হাউস যে মজুদকৃত কাঁচামাল দ্বারা তৈরী সামগ্রী রপ্তানি করার পর শুল্ক করাদির প্রত্যর্পণের জন্য তিনি কোন দাবী উত্থাপন করবেন না। অধিক্ষেত্রের কালেক্টর উক্তরূপ অংগীকারনামা গ্রহণ করার পর উহার অনুলিপি মহাপরিচালক, ডেডো এবং আমদানি পর্যায়ের কালেক্টরগণের নিকট প্রেরণ

করবেন এবং নিশ্চিত করবেন যে, ৪ অনুচ্ছেদ এ উল্লেখিত ড্র ব্যাক ব্যতীত বন্ডার/রপ্তানি-কারক আর কোন ডিউটি ড্র-ব্যাক না পান।

**১২**। সম্পূর্ণ রপ্তানিমুখী বিভিন্ন প্রতিষ্ঠানের পূর্ববর্তী বছরের রপ্তানির পরিমাণ বা উৎপাদন ক্ষমতার (নতুন প্রতিষ্ঠানের ক্ষেত্রে) ভিত্তিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে চামড়া শিল্পে ব্যবহার্য নির্দিষ্ট পরিমাণ কেমিক্যাল ও অন্যান্য উপকরণ আমদানির অনুমতি প্রদান করবেন সংশ্লিস্ট কালেক্টরগণ, এতদুদ্দেশ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিভিন্ন সময়ে আমদানিকৃত উপকরণের বিবরণ ও পরিমাণ কালেক্টরকে অবহিত করবেন।

**১৩**। এ ধরনের প্রতিটি সুপারভাইজড বন্ডেড ওয়্যারহাউজের জন্য অথবা একই এলাকায় অবস্থিত একাধিক এরূপ বন্ডেড ওয়্যারহাউজ এর জন্য প্রয়োজনীয় সংখ্যক শুল্ক কর্মকর্তা, কর্মচারী নিয়োগ করতে হবে। এদের অফিস এর স্থান (Office Accomodation) অফিস এর আসবাব পত্র, স্টেশনারী, সরবরাহসহ আনুষঙ্গিক ব্যবস্থাদি এবং তাঁদের বেতন ভাতাদি, বাসস্থান ভাতা ইত্যাদির খরচ বাবদ সংশ্লিষ্ট কালেক্টর প্রশাসনিক ব্যয় নির্ণয় করে তাদের উপর ধার্য করবেন। এই ব্যয় বাৎসরিক হিসাবে লাইসেন্স প্রদানকালে বা পরবর্তীতে তা নবায়নকালে অগ্রীম প্রদান করতে হবে। এই খাতে ব্যয় বাবদ অর্থ প্রদান ব্যতিরেকে লাইসেন্স প্রদান বা নবায়ন করা হবে না।

**১৪**। লাইসেন্স প্রদানের পর প্রতিটি বন্ডারের জন্য একটি স্থায়ী আদেশ জারী করবেন। তাতে উপরোক্ত বিষয়াদিসহ প্রয়োজনীয় পদ্ধতি লিপিবদ্ধ থাকবে।

স্বা/-
( ফৌজিয়া বেগম )
দ্বিতীয় সচিব (শুল্ক)